কাজের খবরে ১ নম্বর
কর্মক্ষেত্র
কলকাতা শহরে
সর্বাধিক পঠিত কর্মপত্রিকা
Source: Average Issue Readership, IRS 2019 Q3

ISSN 0971-7765

# কর্মক্ষেত্র

আরও চাকরির খবর
ভেতরের পাতায়

বর্ষ ৪২ সংখ্যা ৩০ কলকাতা বুধবার, ২৩ ফেব্রুয়ারি ২০২২/১ বাঙালির কর্মজীবনের প্রবেশপথ ১০ ফাল্গুন ১৪২৮ দাম ৪.০০ টাকা ৮ পাতা R. N. 37120/80

## ভারতীয় নৌবাহিনীতে ১৫৩১ ট্রেডসম্যান

ট্রেডসম্যান (স্কিল্ড) পদে ১,৫৩১ জনকে নেবে ভারতীয় নৌবাহিনী। প্রার্থীকে অবশ্যই নৌবাহিনীর অন্তর্ভুক্ত ডকইয়ার্ড অ্যাপ্রেন্টিস স্কুল থেকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং নিয়ে থাকতে হবে। নিয়োগ হবে গ্রুপ সি ক্যাটেগরিতে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 01/2022.

**শূন্যপদের বিবরণ:** ইলেক্ট্রিক্যাল ফিটার: ১৬৪টি (সাধারণ ৬৯, তফসিলি জাতি ২৭, তফসিলি উপজাতি ১৪, ও বি সি ৩৮, আর্থিক ভাবে অনগ্রসর ১৬)। এর মধ্যে ৭টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী ও ১৬টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে।

ইলেক্ট্রোপ্লেটার: ১০টি (সাধারণ ৬, তফসিলি জাতি ২, ও বি সি ২)। ইঞ্জিন ফিটার: ১৬৩টি (সাধারণ ৬৮, তফসিলি জাতি ২৮, তফসিলি উপজাতি ১৪, ও বি সি ৩৭, আর্থিক ভাবে অনগ্রসর ১৬)। এর মধ্যে ৫টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী ও ১৭টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। ফাউন্ড্রি: ৬টি (সাধারণ ৪, তফসিলি জাতি ১, ও বি সি ১)। প্যাটার্ন মেকার: ৮টি (সাধারণ ৫, তফসিলি উপজাতি ১, ও বি সি ২)। এর মধ্যে ১টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। আই সি ই ফিটার: ১১০টি (সাধারণ ৪৭, তফসিলি জাতি ১৪, তফসিলি উপজাতি ৫, ও বি সি ৩২, আর্থিক ভাবে অনগ্রসর ১২)। এর মধ্যে ৪টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী ও ১২টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। ইনস্ট্রুমেন্ট ফিটার: ৩১টি (সাধারণ ১৮, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ও বি সি ৭, আর্থিক ভাবে অনগ্রসর ২)। এর মধ্যে ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী ও ২টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। মেশিনিস্ট: ৭০টি (সাধারণ ৩১, তফসিলি জাতি ৯, তফসিলি উপজাতি ৪, ও বি সি ১৯, আর্থিক ভাবে অনগ্রসর ৭)। এর মধ্যে ৪টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী ও ৭টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। মিলরাইট ফিটার: ৫১টি (সাধারণ ২৩, তফসিলি জাতি ৮, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১৩, আর্থিক ভাবে অনগ্রসর ৪)। এর মধ্যে ২টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী ও ৫টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। পেইন্টার: ৫৩টি (সাধারণ ২৭, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ৪, ও বি সি ১২, আর্থিক ভাবে অনগ্রসর ৬)। এর মধ্যে ৩টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী ও ৫টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। প্লেটার: ৬০টি (সাধারণ ২৮, তফসিলি জাতি ৯, তফসিলি উপজাতি ২, ও বি সি ১২, আর্থিক ভাবে অনগ্রসর ৯)। এর মধ্যে ২টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী ও ৬টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। শীট মেটাল ওয়ার্কার: ১০টি (সাধারণ ৬, তফসিলি জাতি ১, ও বি সি ২, আর্থিক ভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ১টি করে

এরপর সাতের পাতায়

## রিজার্ভ ব্যাঙ্কে ২৩৯ অ্যাসিস্ট্যান্ট

২৩৯ জন অ্যাসিস্ট্যান্ট নেবে রিজার্ভ ব্যাঙ্ক অব ইন্ডিয়া। নিয়োগ হবে দেশের বিভিন্ন শহরে রিজার্ভ ব্যাঙ্কের অফিসগুলিতে। কলকাতা ছাড়া অন্য সব শহরের ক্ষেত্রে এ রাজ্যের প্রার্থীরা কেবল সাধারণ প্রার্থীদের জন্য নির্ধারিত শূন্যপদেই আবেদন করতে পারবেন। যে-শহরের শূন্যপদে আবেদন করবেন প্রার্থীকে সেখানকার স্থানীয় বা সরকারি ভাষা জানতে হবে। তাই এখানে কলকাতা এবং হিন্দিভাষী শহরগুলির জন্য নির্দিষ্ট শূন্যপদের বিষয়ে সবিস্তারে জানানো হল। পশ্চিমবঙ্গে একাধিক পরীক্ষাকেন্দ্র আছে।

**শূন্যপদের বিন্যাস:** কলকাতা: শূন্যপদ ২৬টি (সাধারণ ১১, তফসিলি জাতি ৯, তফসিলি উপজাতি ৪, আর্থিক ভাবে অনগ্রসর ২)। এর মধ্যে ১টি করে শূন্যপদ

এরপর ছয়ের পাতায়

## ইঞ্জিনিয়ার্স ইন্ডিয়ায় ম্যানেজমেন্ট ট্রেনি

### গেট-২০২২ পরীক্ষায় সফল হয়ে থাকতে হবে

বিভিন্ন শাখায় ৭৫ জন ম্যানেজমেন্ট ট্রেনি নেবে ইঞ্জিনিয়ার্স ইন্ডিয়া। নিয়োগ করা হবে কেমিক্যাল, সিভিল, ইলেক্ট্রিক্যাল, মেকানিক্যাল ও ইনস্ট্রুমেন্টেশন শাখায়। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: HRD/Rectt./Advt./2021-22/12.

**শাখা অনুসারে শূন্যপদ: কেমিক্যাল:** শূন্যপদ ৬টি। **মেকানিক্যাল:** শূন্যপদ ৩৫টি। **সিভিল:** শূন্যপদ ১২টি। **ইলেক্ট্রিক্যাল:** শূন্যপদ ১৩টি। **ইনস্ট্রুমেন্টেশন:** শূন্যপদ ৯টি। তফসিলি, ও বি সি, আর্থিক ভাবে অনগ্রসর এবং দৈহিক প্রতিবন্ধীদের জন্য নিয়মানুসারে শূন্যপদ সংরক্ষিত থাকবে। **শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৬৫ শতাংশ নম্বর-সহ সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় বি ই বা বি টেক বা বি এসসি (ইঞ্জিনিয়ারিং)। এর পাশাপাশি, প্রার্থীকে অবশ্যই ২০২২-এর গেট পরীক্ষায় সংশ্লিষ্ট পত্রে পাশ করে থাকতে হবে। **বয়স:** ২৫ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সি-রা ৩ ও দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন। **স্টাইপেন্ড:** ট্রেনিং চলাকালীন নির্দিষ্ট মাসিক ৬০,০০০ টাকা। সফল ট্রেনিং শেষে বেতনক্রম: ৬০,০০০-১,৮০,০০০ টাকা।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.engineersindia.com দরখাস্তের শেষ তারিখ ১৪ মার্চ। বিশদ জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## অসম রাইফেলসে ১৪৮ রাইফেলম্যান, হাবিলদার

রাইফেলম্যান, হাবিলদার ও ওয়ারেন্ট অফিসার পদে ১৪৮ জনকে নিয়োগ করবে অসম রাইফেলস। 'কমপ্যাশনেট গ্রাউন্ডে' নিয়োগ হবে কর্মরত অবস্থায় মৃত (আত্মহত্যা-সহ), শারীরিক কারণে অবসৃত, নিরুদ্দিষ্ট অথবা অভিযানে নিহত অসম রাইফেলস কর্মীদের পরিবারের সদস্যদের। আবেদন করতে পারবেন সংশ্লিষ্ট অসম রাইফেলস কর্মীর স্ত্রী, পুত্র-কন্যা (শর্তসাপেক্ষে দত্তক-সহ), ভাই বা বোন। মহিলারা রাইফেলম্যান জেনারেল ডিউটি এবং হাবিলদার ক্লার্ক পদের জন্য আবেদন করবেন।

**শূন্যপদের বিবরণ: রাইফেলম্যান জেনারেল ডিউটি:** শূন্যপদ ৯৪টি। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক। **বয়স:**

এরপর ছয়ের পাতায়

## ইরকন ইন্টারন্যাশনালে ইঞ্জিনিয়ার

ওয়ার্কস ইঞ্জিনিয়ার ও সিনিয়র ওয়ার্কস ইঞ্জিনিয়ার পদে ৭১ জনকে নেবে ইরকন ইন্টারন্যাশনাল। চুক্তিতে নিয়োগ করা হবে সিভিল ও ইলেক্ট্রিক্যাল শাখায়, পশ্চিমবঙ্গ ও সিকিমে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: C-03/2022.

**শূন্যপদের বিবরণ: সিভিল:** সিনিয়র ওয়ার্কস ইঞ্জিনিয়ার: ২২টি। ওয়ার্কস ইঞ্জিনিয়ার: ৪৮টি।

শিক্ষাগত যোগ্যতা: অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ সিভিল ইঞ্জিনিয়ারিংয়ে ডিগ্রি, সঙ্গে সিভিল কনস্ট্রাকশন সংক্রান্ত কাজে সিনিয়র ওয়ার্কস ইঞ্জিনিয়ার পদের ক্ষেত্রে ৩ বছরের ও ওয়ার্কস ইঞ্জিনিয়ার পদের ক্ষেত্রে ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

**ইলেক্ট্রিক্যাল:** ওয়ার্কস ইঞ্জিনিয়ার: ১টি। শিক্ষাগত যোগ্যতা: অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ডিগ্রি, সঙ্গে ইলেক্ট্রিক্যাল কনস্ট্রাকশন সংক্রান্ত কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

বর্ণান্ধতা রোগ থাকা চলবে না।

বয়স: ১-০২-২০২২ তারিখে সিনিয়র ওয়ার্কস ইঞ্জিনিয়ার পদের ক্ষেত্রে ৩৫ বছর ও ওয়ার্কস ইঞ্জিনিয়ার পদের ক্ষেত্রে ৩০ বছরের মধ্যে হতে হবে। সরকারি নিয়মানুসারে সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা বয়সের ছাড় পাবেন।

বেতন: সিনিয়র ওয়ার্কস ইঞ্জিনিয়ার পদের ক্ষেত্রে প্রতি মাসে ৪০,০০০ টাকা এবং ওয়ার্কস ইঞ্জিনিয়ার পদের ক্ষেত্রে প্রতি মাসে ৩৬,০০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে ইন্টারভিউয়ের মাধ্যমে। রেজিস্ট্রেশন ও নথিপত্র যাচাই করা হবে সিনিয়র ওয়ার্কস ইঞ্জিনিয়ার (সিভিল)-এর ক্ষেত্রে ১১ মার্চ, ওয়ার্কস ইঞ্জিনিয়ার (সিভিল) পদের ক্ষেত্রে ৮ মার্চ এবং ওয়ার্কস ইঞ্জিনিয়ার (ইলেক্ট্রিক্যাল) পদের ক্ষেত্রে ১১ মার্চ। নথিপত্র যাচাইয়ের ঠিকানা: সিভিল শাখার ক্ষেত্রে: Project Office, Sivok Rangpo Project, Block-C, 2nd Floor, P.C.Mittal Bus Stand, PO: Sivok Road, PS: Bhakti Nagar, Siliguri-734001. ইলেক্ট্রিক্যাল শাখার ক্ষেত্রে: IRCON Eastern Regional Office, 378, Prantik Pally Dhanmath Kasba Kolkata-700107. উপরোক্ত ঠিকানায় পৌঁছতে হবে সকাল সাড়ে ৯টার মধ্যে।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.ircon.org দরখাস্তটি এ-ফোর মাপের সাদা কাগজে টাইপ করিয়ে নেবেন। দরখাস্তের নির্দিষ্ট স্থানে প্রার্থীর এক কপি পাসপোর্ট মাপের ফটো সেঁটে

এরপর ছয়ের পাতায়

## ভারতীয় উপকূল রক্ষীবাহিনীতে অ্যাসিস্ট্যান্ট কমান্ড্যান্ট

ট্রেনিং দিয়ে ৬৫ জন অ্যাসিস্ট্যান্ট কমান্ড্যান্ট নিয়োগ করবে ভারতীয় উপকূল রক্ষীবাহিনী। জেনারেল ডিউটি, কমার্শিয়াল পাইলট লাইসেন্স (সি পি এল/এস এস এ) এবং টেকনিক্যাল (মেকানিক্যাল এবং ইলেক্ট্রিক্যাল/ইলেক্ট্রনিক্স) শাখায় নিয়োগ হবে। তরুণীরা শুধুমাত্র কমার্শিয়াল পাইলট লাইসেন্স শাখার ক্ষেত্রে আবেদন করবেন। ০১/২০২৩ ব্যাচে ট্রেনিং হবে। ২২ সপ্তাহের ট্রেনিং।

**শূন্যপদের বিন্যাস:** জেনারেল ডিউটি এবং সি পি এল শাখার ক্ষেত্রে ৫০টি। টেকনিক্যাল শাখার ক্ষেত্রে ১৫টি।

**শিক্ষাগত যোগ্যতা:** জেনারেল ডিউটির ক্ষেত্রে মোট অন্তত ৬০ শতাংশ নম্বর সহ যে-কোনও শাখায় গ্র্যাজুয়েট। বি ই বা বি টেক ডিগ্রিধারীরাও আবেদনের যোগ্য। উচ্চমাধ্যমিকে ম্যাথমেটিক্স ও ফিজিক্স পড়ে থাকতে হবে এবং এই দুই বিষয়ে মোট অন্তত ৫৫ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। ডিপ্লোমার পর স্নাতক ডিগ্রি অর্জনকারীরাও আবেদনের যোগ্য। সে ক্ষেত্রে ডিপ্লোমা স্তরে মোট অন্তত ৫৫ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে এবং ম্যাথমেটিক্স ও ফিজিক্স পড়ে থাকতে হবে। জন্মতারিখ হতে হবে ১-৭-১৯৯৮ থেকে ৩০-৬-২০০২-এর মধ্যে।

কমার্শিয়াল পাইলট লাইসেন্স (এস এস এ)-এর ক্ষেত্রে উচ্চমাধ্যমিক পাশ। উচ্চমাধ্যমিকে ম্যাথমেটিক্স ও ফিজিক্স পড়ে থাকতে হবে এবং এই দুই বিষয়ে মোট অন্তত ৫৫ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। ডিপ্লোমাধারীরাও আবেদনের যোগ্য। সে ক্ষেত্রে মোট অন্তত ৫৫ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে এবং ম্যাথমেটিক্স ও ফিজিক্স পড়ে থাকতে হবে। সেই সঙ্গে প্রার্থীর ডিরেক্টরেট জেনারেল অব সিভিল অ্যাভিয়েশন কর্তৃক স্বীকৃত বৈধ কমার্শিয়াল পাইলট লাইসেন্স থাকতে হবে। জন্মতারিখ হতে হবে ১-৭-১৯৯৮ থেকে ৩০-৬-২০০৪-এর মধ্যে।

মেকানিক্যাল শাখার ক্ষেত্রে স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে ন্যাভাল আর্কিটেকচার, মেকানিক্যাল, মেরিন, অটোমোটিভ, মেকাট্রনিক্স, ইন্ডাস্ট্রিয়াল অ্যান্ড প্রোডাকশন, মেটালার্জি, ডিজাইন, অ্যারোনটিক্যাল, অ্যারোস্পেস ইঞ্জিনিয়ারিং— যে-কোনও একটিতে মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ ইঞ্জিনিয়ারিং ডিগ্রি অথবা ইনস্টিটিউট অব ইঞ্জিনিয়ার্স (ইন্ডিয়া)-এর সেকশন 'এ' ও 'বি' পাশ। সঙ্গে সব ক্ষেত্রেই উচ্চমাধ্যমিকে ফিজিক্স ও ম্যাথমেটিক্স পড়ে থাকতে হবে এবং এই দুই বিষয়ে মোট অন্তত ৫৫ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। ডিপ্লোমার পর স্নাতক ডিগ্রি অর্জনকারীরাও আবেদনের যোগ্য। সে ক্ষেত্রে ডিপ্লোমা স্তরে মোট অন্তত ৫৫ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে এবং ম্যাথমেটিক্স ও ফিজিক্স পড়ে থাকতে হবে। জন্মতারিখ হতে হবে ১-৭-১৯৯৮ থেকে ৩০-৬-২০০২-এর মধ্যে।

ইলেক্ট্রিক্যাল/ইলেক্ট্রনিক্স শাখার ক্ষেত্রে স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স, টেলিকমিউনিকেশন, ইনস্ট্রুমেন্টেশন, ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, পাওয়ার ইঞ্জিনিয়ারিং, পাওয়ার ইলেক্ট্রনিক্স— যে-কোনও একটিতে মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ ইঞ্জিনিয়ারিং ডিগ্রি অথবা ইনস্টিটিউট অব ইঞ্জিনিয়ার্স (ইন্ডিয়া)-এর সেকশন 'এ' ও 'বি' পাশ। সঙ্গে সব ক্ষেত্রেই উচ্চমাধ্যমিকে ফিজিক্স ও ম্যাথমেটিক্স পড়ে থাকতে হবে এবং এই দুই বিষয়ে মোট অন্তত ৫৫ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। ডিপ্লোমার পর স্নাতক ডিগ্রি অর্জনকারীরাও আবেদনের যোগ্য। সে ক্ষেত্রে ডিপ্লোমা স্তরে মোট অন্তত ৫৫ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে এবং ম্যাথমেটিক্স ও ফিজিক্স পড়ে থাকতে হবে। জন্মতারিখ হতে হবে ১-৭-১৯৯৮ থেকে ৩০-৬-২০০২-এর মধ্যে।

সব ক্ষেত্রেই তফসিলি প্রার্থীরা স্নাতকস্তরের নম্বরে ৫ শতাংশ ছাড় পাবেন। উচ্চমাধ্যমিকের নম্বরে কোনও

এরপর তিনের পাতায়

শীঘ্রই প্রকাশিত হচ্ছে



# ভারতীয় উপকূল রক্ষীবাহিনীতে অ্যাসিস্ট্যান্ট কমান্ড্যান্ট

*প্রথম পাতার পর*

ছাড় পাবেন না (কমার্শিয়াল পাইলট লাইসেন্স শাখা ব্যতীত)। তফসিলি এবং ও বি সি প্রার্থীরা নিয়মানুসারে বয়সে ছাড় পাবেন।

**দৈহিক মাপজোক:** উচ্চতা: অ্যাসিস্ট্যান্ট কমান্ড্যান্ট (জেনারেল ডিউটি) এবং টেকনিক্যাল শাখার ক্ষেত্রে ১৫৭ সেমি। পার্বত্য ও উপজাতি এলাকার প্রার্থীরা সরকারি নিয়মানুসারে ছাড় পাবেন। অ্যাসিস্ট্যান্ট কমান্ড্যান্ট (সি পি এল-এস এস এ) শাখার ক্ষেত্রে ১৬২.৫ সেমি থেকে ১৯৭ সেমি। পায়ের দৈর্ঘ্য অন্তত ৯৯ সেমি হতে হবে। সব ক্ষেত্রেই বুকের ছাতি ৫ সেমি ফোলানোর ক্ষমতা থাকতে হবে। বয়স ও উচ্চতার সঙ্গে মানানসই ওজন থাকতে হবে।

**দৃষ্টিশক্তি:** অ্যাসিস্ট্যান্ট কমান্ড্যান্ট (জেনারেল ডিউটি) শাখার ক্ষেত্রে চশমা ছাড়া ৬/৬ ও ৬/৯, চশমা-সহ উভয় চোখে ৬/৬। অ্যাসিস্ট্যান্ট কমান্ড্যান্ট (সি পি এল-এস এস এ) শাখার ক্ষেত্রে এক চোখে ৬/৬, অন্য চোখে ৬/৯, ৬/৬ পর্যন্ত সংশোধনযোগ্য। টেকনিক্যাল শাখার ক্ষেত্রে চশমা ছাড়া উভয় চোখে ৬/৩৬, চশমা-সহ উভয় চোখে ৬/৬।

প্রার্থী বাছাই করা হবে পাঁচটি পর্যায়ে— কোস্ট গার্ড কমন অ্যাডমিশন টেস্ট (সি জি সি এ টি), প্রিলিমিনারি সিলেকশন বোর্ড, ফাইনাল সিলেকশন বোর্ড, মেডিক্যাল এক্সামিনেশন এবং ইনডাকশন। কমন অ্যাডমিশন টেস্ট হবে কম্পিউটার-ভিত্তিক। পরীক্ষা হবে মার্চ মাসে। অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। মোট নম্বর ৪০০। সময়সীমা ২ ঘণ্টা। পরীক্ষায় থাকবে ইংলিশ, রিজনিং অ্যান্ড নিউমেরিক্যাল এবিলিটি, জেনারেল সায়েন্স অ্যান্ড ম্যাথমেটিক্যাল অ্যাপ্টিটিউড ও জেনারেল নলেজ। টেকনিক্যাল শাখার ক্ষেত্রে অতিরিক্ত মেকানিক্যাল এবং ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স বিষয়ে প্রশ্ন হবে। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং আছে।

প্রিলিমিনারি সিলেকশন বোর্ডের পরীক্ষা হবে কলকাতা, নয়ডা, মুম্বই বা গোয়া ও চেন্নাইয়ের সেন্টারে। পরীক্ষা হবে জুন মাসে। পরীক্ষায় থাকবে কম্পিউটারাইজড কগনিটিভ ব্যাটারি টেস্ট (সি সি বি টি) এবং পিকচার পারসেপশন ও ডিসকাশন টেস্ট (পি পি অ্যান্ড ডি টি)।

ফাইনাল সিলেকশন বোর্ডের পরীক্ষা হবে নয়ডায়। পরীক্ষা হবে জুলাই-অক্টোবরের মধ্যে। পরীক্ষায় থাকবে সাইকোলজিক্যাল টেস্ট, গ্রুপ টাস্ক ও ইন্টারভিউ বা পার্সোন্যালিটি টেস্ট।

মেডিক্যাল এক্সামিনেশন ও ইনডাকশন হবে যথাক্রমে জুলাই-ডিসেম্বর এবং ডিসেম্বর মাসের শেষে।

**বেতন:** ৫৬,১০০ টাকা। সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা। ডিরেক্টর জেনারেল র‍্যাঙ্ক পর্যন্ত পদোন্নতির সুযোগ রয়েছে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://joinindiancoastguard.cdac.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ২৮ ফেব্রুয়ারি পর্যন্ত। মনে রাখবেন, অনলাইন রেজিস্ট্রেশনের সময় প্রার্থীর স্ক্যান করা পাসপোর্ট মাপের রঙিন ফটো, কালো কালির সই, ডান হাত ও বাঁ হাতের বুড়ো আঙুলের ছাপ, জন্মতারিখের প্রমাণপত্র, সচিত্র পরিচয়পত্র (আধার কার্ড বা ভোটার কার্ড বা পাসপোর্ট বা প্যান কার্ড বা ড্রাইভিং লাইসেন্স), হাতে লেখা ডিক্লারেশন, প্রযোজ্য ক্ষেত্রে সার্ভিস সার্টিফিকেট বা নো অবজেকশন সার্টিফিকেট আপলোড করতে হবে।

অনলাইনে ফি বাবদ দিতে হবে ২৫০ টাকা। ডেবিট কার্ড (রুপে/ভিসা/মাস্টার কার্ড/মায়েস্ট্রো) বা ক্রেডিট কার্ড বা ইন্টারনেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে। তফসিলি প্রার্থীদের ফি দিতে লাগবে না। বিস্তারিত জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট।


**Global Hiramoni Memorial Nursing Institution, Krishnagar**

Affiliated by WBNC & WBUHS | Under Global Knowledge Campus
A unit of National Centre for Development of Technical Education

**ADMISSION OPEN FOR 2021-22**

COURSES OFFERED

**GNM & B.Sc. NURSING**
(Admission as per procedure of WBNC)

- Abroad Placement Opportunities.
- Expert Faculty.
- Student Friendly Campus.
- Hostel Facility.

E-mail : info@ghm.org.in

Palpara More, NH-34, Krishnanagar, Nadia, West Bengal - 741102 ,
: 9476326420 | 9476326421



श्यामा प्रसाद मुखर्जी पोर्ट, कोलकाता
*Syama Prasad Mookerjee Port, Kolkata*
*(Formerly KOLKATA PORT TRUST)*

**WALK-IN-INTERVIEW FOR GENERAL DUTY MEDICAL OFFICER (ON CONTRACT) : 02** Nos.**

Haldia Dock Complex, Syama Prasad Mookerjee Port, Kolkata intends to engage General Duty Medical Officer (on contract) at Haldia. The Walk-in-interview is scheduled to be held at SMP, Kolkata Guest House, 93, Chowringhee Road, Kolkata-700020 (near Exide Crossing) from 11 a.m. to 1 p.m. on February 19, 2022. Candidates are requested to register over telephone with Medical Supdt. (9434031176) prior to 10.30 a.m. on February 19, 2022. For details please log on to website at www.smportkolkata.shipping.gov.in
(**May increase / decrease in future)



**MODERN PUBLIC SCHOOL, BALASORE**

Affiliated to CBSE, New Delhi, Affiliation No : 1530077
Meghadambaru, Balasore-756056, Odisha

INVITES APPLICATION for the following posts for the session 2022-2023

| POST | SUBJECT | QUALIFICATION |
|---|---|---|
| PRT | EVS, MATH, SST, ENG, HINDI | Graduate with B.Ed/D.El.Ed |
| | COMPUTER | MCA/BCA/ B.Sc (Computer Sc.) |
| TGT | SST | M.A/B.A with B.Ed |
| RECEPTIONIST (Female) | | Graduate with good Communication & Computer skill |

- ☑ Preference will be given to the candidates with good academic records, good communication skills and teaching experience.
- ☑ Fill up the online Resume format from the link : **http://bit.ly/JOINMPSW and attach your CV in the same form. Last date of application : 25/02/2022**
- ☑ Only shortlisted Candidates will be invited for interview through WhatsApp/E-Mail/Phone call on **02/03/2022**.
- ☑ A Written test, a short demo and Viva-Voce will be conducted on **06/03/2022 at 9:30 a.m.**
- ☑ Salary is negotiable.

For any Query, you may contact : 9078966640; 9040192389 | between 4pm to 8pm



गार्डेन रीच शिपबिल्डर्स एण्ड इंजीनियर्स लिमिटेड
**Garden Reach Shipbuilders & Engineers Limited**
Regd and Corp Office: GRSE Bhavan, 61, Garden Reach Road, Kolkata – 700 024
(A Govt. of India Undertaking)
Ministry of Defence
Web: www.grse.in, (CIN L35111WB1934GOI007891)

**EMPLOYMENT NOTIFICATION NO. OS/EXP: 01/2022**
**ENGAGEMENT OF EXPERTS (ON FIXED TERM CONTRACT BASIS)**

Opening Date for Online registration : **25 Feb 2022**
Closing Date for Online registration : **15 Mar 2022**

GRSE Ltd. is one of the premier Defence Shipyards and Mini Ratna Category-I Company. The Company invites applications from qualified, talented and energetic Indian Nationals for the posts of **Experts on fixed term contract basis for a period of 1 year** as below :

(i) **Expert (Software Developer- JAVA) - 02 posts** (On fixed term contractual basis)

(ii) **Expert (Software Developer- SAP- ABAP) – 01 post** (On fixed term contractual basis)

The details like General Conditions, eligibility, essential qualification, minimum experience, selection process, how to apply etc. are available in **'Career section'** of GRSE website **www.grse.in or https://jobapply.in/grse2022**

Candidates are required to apply only through **ONLINE** mode. No other means / mode of submission of applications will be accepted.

Any Addendum/Corrigendum will only be published in GRSE website.

"In Pursuit of Excellence and Quality in Shipbuilding"
Visit us at : www.grse.in





**২৪ জানুয়ারি** পাকিস্তানের সুপ্রিম কোর্টে প্রথম মহিলা বিচারপতি হিসেবে শপথ নিলেন আয়েষা মালিক। মহিলাদের অধিকার প্রতিষ্ঠার ক্ষেত্রে সে দেশে এই ঘটনা অনন্য নজির বলে সমাজকর্মীরা সন্তোষ প্রকাশ করেছেন। এর আগে দু'দশক ধরে লাহোরের হাইকোর্টে বিচারপতি হিসেবে দায়িত্ব সামলেছেন আয়েষা।

# কারেন্ট অ্যাফেয়ার্স

২৩ জানুয়ারি-৩ ফেব্রুয়ারি

নিজেকে ও বাসভবনের শিশু মহিলা-সহ সকলকে শেষ করে দিয়েছেন তিনি।

**২০২০-র গলওয়ান সংঘর্ষ নিয়ে চিনা** সেনার মৃত্যু নিয়ে বিস্ফোরক তথ্য দিল অস্ট্রেলীয় সংবাদপত্র 'দ্য ক্ল্যাক্সন'। তাদের দাবি, ১৫ জুনের গলওয়ান সংঘর্ষে প্রাণ হারিয়েছিলেন অন্তত ৪২ জন চিনা সেনা যা চিনের ঘোষিত সংখ্যার থেকে অন্তত ১০ গুণ বেশি। যদিও বেজিং এই রিপোর্ট নিয়ে কোনও মন্তব্য করেনি। সংঘর্ষের পরে প্রথমে কিছু না বললেও পরে চিন জানিয়েছিল তাদের ৪ জন সেনা মারা যায়।

## ভারত-মধ্য এশিয়া ভার্চুয়াল সম্মেলন



**২৭ জানুয়ারি:** প্রথম ভারত-মধ্য এশিয়া ভার্চুয়াল সম্মেলনে অংশ নিলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। সম্মেলনে উদ্বোধনী ভাষণ দিয়েছেন তিনি। এদিনের ভার্চুয়াল সম্মেলনে হাজির ছিলেন কাজাখস্তান, উজবেকিস্তান, কিরঘিজস্তান, তাজিকিস্তান, তুর্কমেনিস্তানের রাষ্ট্রপ্রধানরা। তালিবান শাসিত আফগানিস্তান বর্তমানে মধ্য এশিয়ার সবচেয়ে বড় বিপদ বলে উল্লেখ করে মোদী বলেন, 'আফগানিস্তানে ধারাবাহিক ভাবে যা যা ঘটে গেল, তাতে আমরা উদ্বিগ্ন। আর এই ক্ষেত্রেই প্রতিবেশী দেশগুলির পারস্পরিক সমন্বয় অতি প্রয়োজন।'



" প্রধানমন্ত্রী বলেছেন, এটাই ভারত-ইজরায়েল সম্পর্কের নতুন লক্ষ্য স্থিরের সর্বোত্তম সময়। নিশ্চয়ই। পেগাসাস-এর অ্যাডভান্সড ভার্সন আছে কি না, এ প্রশ্ন ইজরায়েলকে করার জন্যও ভালো সময়। "

**পি চিদম্বরম,** *প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী ও বর্ষীয়ান কংগ্রেস নেতা* প্রধানমন্ত্রীর বক্তব্যের সমালোচনা করতে গিয়ে

## পদ্ম পুরস্কার ২০২২



*বাঁদিক থেকে: বিপিন রাওয়াত, কল্যাণ সিং, রাধেশ্যাম খেমকা ও প্রভা আত্রে*

**২৫ জানুয়ারি:** রীতি মেনে পদ্ম সম্মান ঘোষণা করল কেন্দ্রীয় সরকার। এবছর ভারতরত্ন প্রদান করা হয়নি। পদ্মবিভূষণ পেয়েছেন ৪ জন। এঁরা হলেন দেশের প্রথম সিডিএস বিপিন রাওয়াত (মরণোত্তর), উত্তরপ্রদেশের প্রাক্তন মুখ্যমন্ত্রী কল্যাণ সিং (মরণোত্তর), রাধেশ্যাম খেমকা (মরণোত্তর) এবং উচ্চাঙ্গ সংগীত শিল্পী প্রভা আত্রে। পদ্মভূষণ পেয়েছেন ১৭জন। এঁদের মধ্যে কয়েকজন হলেন কংগ্রেস নেতা গুলাম নবি আজাদ, পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্য, শাস্ত্রীয় সংগীত শিল্পী উস্তাদ রাশিদ খান, গুগলের সুন্দর পিচাই, ভ্যাকসিন নির্মাতা সাইরাস পুনাওয়ালা প্রমুখ। ১০৭ জন পেয়েছেন পদ্মশ্রী সম্মান। বাংলা থেকে যাঁদের নাম পদ্মশ্রীর তালিকায় রয়েছে তাঁদের মধ্যে অন্যতম কিংবদন্তি গায়িকা সন্ধ্যা মুখোপাধ্যায়। তবে বুদ্ধদেব ভট্টাচার্য, সন্ধ্যা মুখোপাধ্যায় ও তবলিয়া পণ্ডিত অনিন্দ্য চট্টোপাধ্যায় পদ্ম সম্মান প্রত্যাখ্যান করেছেন।

## নেতাজি অ্যাওয়ার্ড পেলেন শিনজো আবে



**২৩ জানুয়ারি:** জাপানের প্রাক্তন প্রধানমন্ত্রী শিনজো আবেকে চলতি বছর নেতাজি রিসার্চ ব্যুরোর তরফ থেকে নেতাজি অ্যাওয়ার্ড প্রদান করা হল। কলকাতায় জাপানের কনসাল জেনারেল নাকামুরা ইউতুকার হাতে এদিন নেতাজি ব্যুরোর চেয়ারম্যান সুগত বসু এই সম্মান তুলে দেন। এদিনের অনুষ্ঠানে ভারতে জাপানের রাষ্ট্রদূত সাতোশি সুজুকি নয়াদিল্লি থেকে অনলাইনে জানিয়েছেন, এশিয়া-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে ভারত জাপানের সম্পর্কের রসায়ন আন্তর্জাতিক ক্ষেত্রে এক গুরুত্বপূর্ণ মাত্রা দিয়েছে।

## দেশের ক্রমবর্ধমান বেকারত্ব নিয়ে সরব কৌশিক বসু



**৩০ জানুয়ারি:** ভারতের বেকারত্বের ক্রমবর্ধমান চিত্র তুলে ধরে সরব হলেন বিশিষ্ট অর্থনীতিবিদ কৌশিক বসু। তিনি বিশ্বব্যাঙ্কের ২০১৯ সালের একটি পরিসংখ্যান তুলে ধরেছেন, যাতে দেখা যাচ্ছে ভারতে বেকারত্বের হার ২৩ শতাংশ। কর্মসংস্থান সৃষ্টির নিরিখে ইন্দোনেশিয়া, বাংলাদেশ, মালয়শিয়া, দক্ষিণ কোরিয়া এবং ভিয়েতনামের মতো দেশও ভারতের চেয়ে এগিয়ে। এই তথ্য তুলে ধরে অধ্যাপক বসু লিখেছেন, 'ভারতের যুব সমাজের অবস্থা এর থেকে ভালো হওয়া উচিত। এই তথ্যই বুঝিয়ে দিচ্ছে এবারের বাজেটের ফোকাস কোন দিকে হওয়া উচিত।

**এয়ার ইন্ডিয়ার যাত্রীদের জন্য বিশেষ** বার্তা দিলেন টাটা গোষ্ঠীর এমিরেটাস চেয়ারম্যান রতন টাটা। ৬৯ বছর পর এয়ার ইন্ডিয়া ফের টাটাদের হাতে ফিরে এসেছে। রতন টাটা তাঁর বার্তায় বলেছেন 'উড়ানে স্বাচ্ছন্দ্য ও পরিষেবায় এয়ার ইন্ডিয়াকে যাত্রীদের প্রথম পছন্দের সংস্থা হিসেবে গড়ে তোলায় টাটা গোষ্ঠী একযোগে কাজ করতে অত্যন্ত উদগ্রীব।' এই অডিয়ো বার্তা ইতিমধ্যেই এয়ার ইন্ডিয়ার কয়েকটি উড়ানে বাজতে শুরু করেছে। উল্লেখ্য, নিলাম প্রক্রিয়ার মাধ্যমে কেন্দ্র টাটা গোষ্ঠীর সংস্থা ট্যালেস প্রাইভেট লিমিটেডকে ১৮,০০০ কোটি টাকায় এয়ার ইন্ডিয়া বিক্রি করেছে। চুক্তি অনুযায়ী, ট্যালেস ২,৭০০ কোটি টাকা সরকারকে নগদ দিয়েছে এবং উড়ান সংস্থাটির ১৫,৩০০ কোটি টাকার ঋণ পরিশোধ করার দায়িত্ব নিয়েছে।

**বেজিংয়ের শীতকালীন অলিম্পিক্সের** উদ্বোধনী এবং সমাপ্তি অনুষ্ঠানে না-থাকার সিদ্ধান্ত ঘোষণা করলেন ভারতের রাষ্ট্রদূত। গলওয়ানে সংঘর্ষের সময় যে চিনা কর্নেল কিই ফাবাও-এর নেতৃত্বে চিনা ফৌজ ঝাঁপিয়ে পড়েছিল ভারতের উপর, তাকেই বেজিং অলিম্পিক্সের মশালবাহক হিসেবে সম্মানিত করেছে চিন। তার প্রতিবাদেই চিনা অলিম্পিক্স 'বয়কট' ভারতের।

**আইসিসির বর্ষসেরা মহিলা ক্রিকেটার** হলেন ভারতের স্মৃতি মান্ধানা। কয়েকদিন আগেই আইসিসি বর্ষসেরা টি-টোয়েন্টির যে মেয়েদের দল তৈরি করেছিল সেই দলে ছিলেন মান্ধানা। তিনি পেলেন 'রাচেল হেহো ফ্লিন্ট ট্রফি'। প্রথম মহিলা ভারতীয় ক্রিকেটার হিসেবে ঝুলন গোস্বামী ২০০৭ সালে বর্ষসেরা হওয়ার ১৪ বছর পর আবার কোনও ভারতীয় মহিলা ক্রিকেটার আইসিসির বর্ষসেরা হলেন। ভারতের কোনও পুরুষ ক্রিকেটার এবছর আইসিসির কোনও পুরস্কার পাননি। ছেলেদের বর্ষসেরা ক্রিকেটার হয়ে 'স্যার গ্যারফিল্ড সোবার্স ট্রফি' পেয়েছেন পাকিস্তানের পেসার শাহিন আফ্রিদি।

## প্রয়াত ওয়াসিম কাপুর



**২৪ জানুয়ারি:** প্রখ্যাত চিত্রশিল্পী ওয়াসিম কাপুর (৭১) প্রয়াত হলেন। তাঁর আঁকা বেশিরভাগ ছবির মধ্যে ফুটে উঠেছে নিপীড়িত, যন্ত্রণাবিদ্ধ বঞ্চিত মানুষের অব্যক্ত যন্ত্রণা। ওয়াসিম কাপুরের আঁকা ছবি ভারতের সংসদ ভবন, রাজ্য বিধানসভা, ললিতকলা আকাডেমির মতো বহু জায়গাতেই স্থান পেয়েছে।

**২৬ জানুয়ারি** অরুণাচলের নিখোঁজ কিশোর মিরাম তারণকে চিনা ভূখণ্ড থেকে দ্রুত হস্তান্তর করার ব্যাপারে আশ্বস্ত করলেন কেন্দ্রীয় আইনমন্ত্রী কিরেণ রিজিজু। দিন সাতেক আগে চিন সীমান্ত থেকে নিখোঁজ হয়ে যায় ওই কিশোর। চিনা সেনারা তাকে অপহরণ করেছে বলে অভিযোগ ওঠে। পরে ভারতীয় সেনা জানায়, নিখোঁজ হওয়া কিশোরকে খুঁজে পেয়েছে চিনা সেনা। ২৭ জানুয়ারি তাকে ভারতীয় সেনার হাতে তুলে দেয় চিন।

**২৮ জানুয়ারি** ভারত বায়োটেকের ন্যাজাল ভ্যাকসিনের বুস্টারের ট্রায়ালে ছাড়পত্র দিল ডিজিসিআই। এর ফলে টিকাকরণের পথে আরও একধাপ এগোল ভারত। এখন পর্যন্ত সংক্রমণ ঠেকাতে যে টিকাকরণ হচ্ছে তার সবটাই ইঞ্জেকসন মারফতই হচ্ছে। ন্যাজাল টিকা যদি সর্বসাধারণের জন্য ছাড় পায় তাহলে তা অবশ্যই একটা নজির সৃষ্টি করবে। ওয়াশিংটন ইউনিভার্সিটি এই ন্যাজাল ভ্যাকসিন তৈরি করেছিল। তারপর এ দেশে ভারত বায়োটেক উৎপাদনের দায়িত্বে রয়েছে।

**৩০ জানুয়ারি** ইউক্রেনে রুশ আগ্রাসন রুখতে ন্যাটোকে সবরকম ভাবে সাহায্য করার আশ্বাস দিলেন ব্রিটিশ প্রধানমন্ত্রী বরিস জনসন। ন্যাটো ইতিমধ্যেই পূর্ব ইউরোপে বাড়তি সেনা মোতায়েন করা শুরু করেছে। তারই মধ্যে মস্কোকে কড়া বার্তা দিয়ে জনসন জানিয়েছেন, ইউক্রেনে হামলা করলে রুশ বাহিনীকে তার পাল্টা জবাব দিতে পূর্ব ইউরোপে বিপুল সেনা, অস্ত্রশস্ত্রের পাশাপাশি রণতরী, বোমারু বিমান পাঠানোর প্রস্তুতিও নিচ্ছেন তাঁরা।

**জম্মু-কাশ্মীরের নিরাপত্তা বাহিনীর জঙ্গি** দমন অভিযানে এনকাউন্টারে প্রাণ গেল এক জৈশ-ই-মহম্মদ কম্যান্ডার ও পাকিস্তানি জঙ্গি-সহ পাঁচ জনের। পুলওয়ামার নাইরা এলাকার গুলিযুদ্ধে প্রাণ গিয়েছে জৈশের চার জঙ্গির। আর বাদগামের চরার-ই-শরিফে নিহত হয়েছে লস্কর-ই-তৈবার এক সদস্য।

**৩১ জানুয়ারি** কোভিড ভ্যাকসিন কাণ্ডে অস্ট্রেলীয় ওপেন খেলতে না পারলেও ছেলেদের সিঙ্গলসে বিশ্ব ক্রম তালিকায় এক নম্বরেই থাকলেন নোভাক জকোভিচ। অস্ট্রেলীয় ওপেনে চ্যাম্পিয়ন হলেও রাফায়েল নাদাল অবশ্য র‍্যাঙ্কিংয়ে পাঁচ নম্বর স্থান পেলেন। জকোভিচ গতবছর উইম্বলডনে ২০তম গ্র্যান্ড স্লাম জিতেছিলেন। পরে ইউএস ওপেন ফাইনালে হেরে যান রাশিয়ার দানিল মেদভেদেভের কাছে। তবু এক নম্বর স্থানটি জকোভিচই পান। এখনও পর্যন্ত ৩৫৮ সপ্তাহ ধরে রয়েছেন এক নম্বরে।

**১ ফেব্রুয়ারি** ঝাড়খণ্ডের ইসিএল ও বিসিসিএলের পৃথক তিনটি খোলামুখ খনিতে অবৈধ ভাবে কয়লা খনন করতে গিয়ে অন্তত ২০ জন শ্রমিক ধসে চাপা পড়লেন। সব খনিগুলিই ধানবাদের নিরসা থানা এলাকায় পড়ে। খনিতে নেমে কয়লা কাটার সময়ে কয়লার চাঁই ভেঙে পড়ে এবং খনিতে ধস নামে।

**২ ফেব্রুয়ারি** ওমিক্রনের একটি অতিসংক্রামক ভ্যারিয়েন্ট নিয়ে উদ্বেগ প্রকাশ করল বিশ্ব স্বাস্থ্য সংস্থা (হু)। তারা জানিয়েছে সাম্প্রতিক কিছু গবেষণায় ইঙ্গিত পাওয়া গিয়েছে যে ওমিক্রনের প্রাথমিক ভ্যারিয়েন্টের চেয়ে আরও বেশি সংক্রামক বিএ২ নামের ওই সাব ভ্যারিয়েন্ট। গত ডিসেম্বরে বিএ২ সাবভ্যারিয়েন্টটির খোঁজ পান গবেষকরা। ইতিমধ্যেই এটিকে বিশ্বের ৫৭টি দেশে সনাক্ত করা গিয়েছে। আগামী দিনে সেটি আরও ছড়াতে পারে বলে হু-এর আশঙ্কা।

**কলকাতার নেতাজি ইন্ডোর স্টেডিয়ামে** তৃণমূলের সাংগঠনিক নির্বাচনে আবার দলের চেয়ারপার্সন নির্বাচিত হলেন দলনেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। দলকে ভবিষ্যতে ঐক্যবদ্ধ ভাবে এগিয়ে চলার বার্তা দিয়ে দলের মধ্যে গোষ্ঠী বা গ্রুপের কোনও স্থান নেই বলে জানিয়ে দিলেন তিনি। তিনি আরও বলেন, 'কেউ পরস্পরের সঙ্গে কোনও দ্বন্দ্ব করবেন না। দল একটাই, সেটা হল তৃণমূল।

**৩ ফেব্রুয়ারি** সিরিয়ায় বোমা বিস্ফোরণ ঘটিয়ে আত্মঘাতী হলেন আইএস প্রধান। সম্ভাব্য মার্কিন হামলা থেকে বাঁচতে নিজেকে সপরিবার শেষ করে দিলেন ইসলামিক স্টেটের (আইএস) শীর্ষনেতা আবু ইব্রাহিম আল হাশিমি আল কুরেশি ওরফে হাজি আবদুল্লাহ। সিরিয়ার উত্তর-পশ্চিমে ইদলিব প্রদেশে তাঁর মৃত্যু হয় বলে বৃহস্পতিবার জানিয়েছেন জো বাইডেন। ২০১৯-এ এই ইদলিবেই মার্কিন হামলা থেকে বাঁচতে আত্মঘাতী হন আবু বকর আল বাগদাদি। তার পরে আই এসের প্রধান হিসেবে দায়িত্ব নেন আবু ইব্রাহিম। বাগদাদির মতোই বোমা বিস্ফোরণ ঘটিয়ে

## প্রয়াত হকি তারকা চরণজিৎ সিং



**২৭ জানুয়ারি:** অলিম্পিকে সোনাজয়ী হকি খেলোয়াড় চরণজিৎ সিং (৯০) প্রয়াত হলেন। ১৯৬৪ টোকিও অলিম্পিক্সে সোনাজয়ী ভারতীয় হকিদলের অধিনায়ক ছিলেন তিনি। ১৯৬০ সালের রুপো জয়ী অলিম্পিক্স দলেও ছিলেন তিনি। হকিতে সাফল্যময় খেলোয়াড়ি জীবনের পর তিনি শিক্ষকতার পেশায় নিজেকে নিয়োজিত করেন।

## পেশ কেন্দ্রীয় বাজেট



**১ ফেব্রুয়ারি:** সংসদে কেন্দ্রীয় বাজেট পেশ করলেন অর্থমন্ত্রী নির্মলা সীতারামন। ২০৪৭ সালে স্বাধীনতার শতবর্ষ পূর্তির আগে ভারতকে বিশ্বমানের পরিকাঠামো হাব হিসেবে গড়ে তোলার কথা এই 'ভবিষ্যতের বাজেট'-এ শুনিয়েছেন অর্থমন্ত্রী। অন্যদিকে, দু-বছর অতিমারির সঙ্কটের সঙ্গে লড়তে থাকা দেশে করছাড় এবং মূল্যবৃদ্ধি কমানোর বড় কোনও পদক্ষেপ নজরে আসেনি বাজেটে। তবে আয়কর কাঠামোয় কোনও পরিবর্তন করা হয়নি। মেক ইন ইন্ডিয়া উদ্যোগে আগামী ৫ বছরে ৬০ লক্ষ নতুন চাকরি তৈরির কথা বলা হয়েছে। রেলের খাতে বরাদ্দ ৩০ হাজার কোটি টাকা বাড়িয়ে এক লক্ষ ৪০ হাজার কোটি করা হয়েছে। আগামী তিন বছরের মধ্যে সারা দেশে ৪০০টি বন্দে ভারত এক্সপ্রেস ট্রেন চালানোর প্রতিশ্রুতি দেওয়া হয়েছে। বিরোধীরা অবশ্য একযোগে এই বাজেটে প্রাপ্তির ঝুলি শূন্য বলে দাবি করেছে।

## অস্ট্রেলীয় ওপেন নাদাল বার্টির



**২৯ জানুয়ারি:** অস্ট্রেলীয় ওপেনে মেয়েদের ফাইনালে অ্যাশলি বার্টি ৬-৩, ৭-৬ সেটে হারালেন প্রতিযোগিতার ২৭ নম্বর বাছাই মার্কিন তারকা ড্যানিয়েল কলিন্সকে। ৪৪ বছর পর অস্ট্রেলীয় ওপেনে সিঙ্গলস খেতাব জিতলেন সে দেশেরই কোনও তারকা। অন্যদিকে, ৩০ জানুয়ারি মেলবোর্নে ২১তম গ্র্যান্ড স্লাম জিতে ইতিহাস গড়লেন রাফায়েল নাদাল। ছেলেদের সিঙ্গলস ফাইনালে রাশিয়ার দানিল মেদভেদেভকে ৫ ঘণ্টা ২৪ মিনিটের লড়াইয়ে ২-৬, ৬-৭, ৬-৪, ৬-৪, ৭-৫ সেটে হারিয়ে খেতাব জয় করলেন স্প্যানিশ কিংবদন্তি।




jobinfogroup.com

# স্কলারশিপের খোঁজখবর

## কোটাক শিক্ষা নিধি

কোভিড-১৯ মহামারীতে পিতা-মাতা বা পরিবারের প্রধান উপার্জনকারী সদস্যের মৃত্যুর কারণে পড়াশোনা চালিয়ে যেতে অক্ষম ছাত্রছাত্রীদের স্কলারশিপ দেবে কোটাক এডুকেশন ফাউন্ডেশন। প্রথম শ্রেণি থেকে ডিপ্লোমা বা স্নাতক কোর্সে পাঠরতরা আবেদন করতে পারেন। বয়স: ৬ থেকে ২২ বছরের মধ্যে হতে হবে।

আবেদন করতে হবে অনলাইনে। বিশদ তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.b4s.in/karma/KSFA1 আবেদনের শেষ তারিখ ৩১ মার্চ।

*(তথ্য সহায়তা:* buddy4study*)*

# ইরকন ইন্টারন্যাশনালে ইঞ্জিনিয়ার

*প্রথম পাতার পর*

দেবেন।

পূরণ করা দরখাস্তের সঙ্গে দেবেন এই সব নথিপত্রের নকল: কাজের অভিজ্ঞতার সার্টিফিকেট, জন্মের শংসাপত্র, কাস্ট এবং ও বি সি সার্টিফিকেট (প্রযোজ্য ক্ষেত্রে), আর্থিক ভাবে অনগ্রসর প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ সার্টিফিকেট, শিক্ষাগত যোগ্যতার যাবতীয় নথিপত্র।

আসল নথিপত্রগুলিও সঙ্গে নিয়ে যাবেন।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# অসম রাইফেলসে ১৪৮

*প্রথম পাতার পর*

১৮ থেকে ২৩ বছরের মধ্যে হতে হবে।

**হাবিলদার ক্লার্ক:** শূন্যপদ ৪টি। **শিক্ষাগত যোগ্যতা:** উচ্চমাধ্যমিক। কম্পিউটারে ইংরেজিতে মিনিটে ৩৫টি শব্দ অথবা হিন্দিতে মিনিটে ৩০টি শব্দ টাইপ করার দক্ষতা থাকতে হবে। **বয়স:** ১৮ থেকে ২৫ বছরের মধ্যে হতে হবে।

**ওয়ারেন্ট অফিসার রেডিও মেকানিক:** শূন্যপদ ৪টি। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক। সেই সঙ্গে রেডিও অ্যান্ড টেলিভিশন টেকনোলজি বা ইলেক্ট্রনিক্স বা টেলিকমিউনিকেশনস বা কম্পিউটার বা ইলেক্ট্রিক্যাল বা মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বা ডোমেস্টিক অ্যাপ্লায়েন্সেসে ডিপ্লোমা। অথবা মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ উচ্চমাধ্যমিক। উচ্চমাধ্যমিকে ফিজিক্স, কেমিস্ট্রি ও ম্যাথমেটিক্স পড়ে থাকতে হবে। পাশাপাশি রেডিও ইক্যুইপমেন্ট-সংক্রান্ত কাজকর্মে জ্ঞান থাকতে হবে। **বয়স:** ১৮ থেকে ২৫ বছরের মধ্যে হতে হবে।

**হাবিলদার অপারেটর রেডিও অ্যান্ড লাইন:** শূন্যপদ ৩৭টি। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক। সঙ্গে রেডিও অ্যান্ড টেলিভিশন বা ইলেক্ট্রনিক্স ট্রেডে ২ বছরের আই টি আই কোর্স পাশ। অথবা উচ্চমাধ্যমিক। উচ্চমাধ্যমিকে ফিজিক্স, কেমিস্ট্রি ও ম্যাথমেটিক্স পড়ে থাকতে হবে। সঙ্গে এ সি এবং ডি সি কারেন্ট, ইলেক্ট্রিক সার্কিট, এম সি বি, ফিউজ, আর্থিং, লাইটিং সিস্টেম, জেনারেটরের কাজ জানতে হবে। **বয়স:** ১৮ থেকে ২৫ বছরের মধ্যে হতে হবে।

**রাইফেলম্যান নার্সিং অ্যাসিস্ট্যান্ট:** শূন্যপদ ৫টি। **শিক্ষাগত যোগ্যতা:** ইংলিশ, ম্যাথমেটিক্স, সায়েন্স ও বায়োলজি-সহ মাধ্যমিক পাশ। সংশ্লিষ্ট বিষয়ে জ্ঞান থাকতে হবে। **বয়স:** ১৮ থেকে ২৩ বছরের মধ্যে হতে হবে।

**রাইফেলম্যান ওয়াশারম্যান:** শূন্যপদ ৪টি। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক। সেই সঙ্গে বিভিন্ন ধরনের ফেব্রিক, আয়রনিং, ড্রাই ক্লিনিং, ওয়াশিং মেশিন অপারেশনের কাজে জ্ঞান থাকতে হবে। **বয়স:** ১৮ থেকে ২৩ বছরের মধ্যে হতে হবে।

সব ক্ষেত্রেই ১-১-২০২১ তারিখে প্রার্থীর নির্দিষ্ট বয়স হতে হবে।

**দৈহিক মাপজোক:** রাইফেলম্যান জেনারেল ডিউটি পদের ক্ষেত্রে উচ্চতা: পুরুষদের ক্ষেত্রে ১৭০ সেমি (তফসিলি উপজাতিদের ক্ষেত্রে ১৬২.৫ সেমি, চরম বামপন্থা অধ্যুষিত জেলাগুলির তফসিলি উপজাতিদের ক্ষেত্রে ১৬০ সেমি, গোর্খাদের ক্ষেত্রে ১৫৭ সেমি)। মহিলাদের ক্ষেত্রে ১৫৭ সেমি (তফসিলি উপজাতিদের ক্ষেত্রে ১৫০ সেমি, চরম বামপন্থা অধ্যুষিত জেলাগুলির তফসিলি উপজাতিদের ক্ষেত্রে ১৪৭.৫ সেমি, গোর্খাদের ক্ষেত্রে ১৫২.৫ সেমি)। বুকের ছাতি: শুধুমাত্র পুরুষদের ক্ষেত্রে না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৮০ সেমি ও ৮৫ সেমি (তফসিলি উপজাতিদের যথাক্রমে ৭৬ সেমি ও ৮১ সেমি, চরম বামপন্থা অধ্যুষিত জেলাগুলির তফসিলি উপজাতি এবং গোর্খাদের ক্ষেত্রে যথাক্রমে ৭৭ সেমি ও ৮২ সেমি)।

হাবিলদার ক্লার্ক পদের ক্ষেত্রে উচ্চতা: পুরুষদের ক্ষেত্রে ১৬৫ সেমি (তফসিলি উপজাতি ও গোর্খাদের ক্ষেত্রে ১৬২.৫ সেমি)। মহিলাদের ক্ষেত্রে ১৫৫ সেমি (তফসিলি উপজাতি ও গোর্খাদের ক্ষেত্রে ১৫০ সেমি)। বুকের ছাতি: শুধুমাত্র পুরুষদের ক্ষেত্রে না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৭৭ সেমি ও ৮২ সেমি (তফসিলি উপজাতিদের ক্ষেত্রে যথাক্রমে ৭৬ সেমি ও ৮১ সেমি)।

রাইফেলম্যান নার্সিং অ্যাসিস্ট্যান্ট পদের ক্ষেত্রে উচ্চতা: পুরুষদের ক্ষেত্রে ১৭০ সেমি (তফসিলি উপজাতিদের ক্ষেত্রে ১৬২.৫ সেমি ও গোর্খাদের ক্ষেত্রে ১৬৫ সেমি)। মহিলাদের ক্ষেত্রে ১৫৭ সেমি (তফসিলি উপজাতিদের ক্ষেত্রে ১৫০ সেমি ও গোর্খাদের ক্ষেত্রে ১৫৫ সেমি)। বুকের ছাতি: শুধুমাত্র পুরুষদের ক্ষেত্রে না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৮০ সেমি ও ৮৫ সেমি (তফসিলি উপজাতিদের ক্ষেত্রে যথাক্রমে ৭৬ সেমি ও ৮১ সেমি এবং গোর্খাদের ক্ষেত্রে যথাক্রমে ৭৮ সেমি ও ৮৩ সেমি)।

বাকি পদগুলির ক্ষেত্রে উচ্চতা ১৭০ সেমি (তফসিলি উপজাতিদের ক্ষেত্রে ১৬২.৫ সেমি ও গোর্খাদের ক্ষেত্রে ১৬৫ সেমি)। বুকের ছাতি: না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৮০ সেমি ও ৮৫ সেমি (তফসিলি উপজাতিদের ক্ষেত্রে যথাক্রমে ৭৬ সেমি ও ৮১ সেমি এবং গোর্খাদের ক্ষেত্রে যথাক্রমে ৭৮ সেমি ও ৮৩ সেমি)।

শর্তসাপেক্ষে বয়স, উচ্চতা, বুকের ছাতি ও ওজনে প্রার্থীরা বিশেষ ছাড় পাবেন।

প্রার্থীদের কোনও লিখিত পরীক্ষা হবে না। প্রার্থী বাছাই করা হবে স্কিল টেস্ট, দৈহিক মাপজোক যাচাই ও দৈহিক সক্ষমতার পরীক্ষার মাধ্যমে। দৈহিক সক্ষমতার পরীক্ষায় থাকবে ২৪ মিনিটে ৫ কিলোমিটার (মহিলাদের ক্ষেত্রে সাড়ে ৮ মিনিটে ১.৬ কিলোমিটার) দৌড়। র‍্যালি শুরু হবে ২ মে থেকে। র‍্যালির ঠিকানা: Headquarters Directorate General Assam Rifles, Laitkor, Shillong (Meghalaya) NRS-Guwahati (Assam).

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের পদ্ধতি-সহ খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.assamrifles.gov.in

# কী পড়বেন, কোথায় পড়বেন

## বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ে চার কোর্সে ভর্তি

ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড ল্যাবরেটরি ট্রেনিং প্রোগ্রাম, সাঁওতালি সঙ্গীত ও নৃত্য, সাঁওতালি ভাষা এবং মৌমাছি পালনের সার্টিফিকেট ও ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ের অধীনস্থ কমিউনিটি কলেজ সেন্টার।

কোর্সের বিবরণ: **সার্টিফিকেট কোর্স: ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড ল্যাবরেটরি ট্রেনিং প্রোগ্রাম:** আসনসংখ্যা ৩০টি। শিক্ষাগত যোগ্যতা: বিজ্ঞান শাখায় স্নাতক। কোর্সের মেয়াদ ৬ মাস। কোর্স ফি ১০,০০০ টাকা। সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীদের ক্ষেত্রে ৭,০০০ টাকা।

**সাঁওতালি সঙ্গীত ও নৃত্য:** আসনসংখ্যা ৩০টি। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক। কোর্সের মেয়াদ ৩ মাস। কোর্স ফি ৪,০০০ টাকা।

**হানি বি অ্যান্ড স্টিংলেস বি কিপিং:** আসনসংখ্যা ৫০টি। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক। কোর্সের মেয়াদ ২ সপ্তাহ। কোর্স ফি ১,৫০০ টাকা।

**ডিপ্লোমা কোর্স: সাঁওতালি ভাষা:** আসনসংখ্যা ১০০টি। শিক্ষাগত যোগ্যতা: উচ্চমাধ্যমিক। কোর্সের মেয়াদ ১ বছর। কোর্স ফি ৫,০০০ টাকা।

আগে এলে আগে সুযোগের ভিত্তিতে প্রার্থীদের ভর্তি নেওয়া হবে।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.vidyasagar.ac.in আবেদনপত্র পূরণ করে স্ক্যান করে রাখবেন।

অ্যাপ্লিকেশন ফি বাবদ দিতে হবে হবে ২০০ টাকা। অ্যাপ্লিকেশন ফি ও কোর্স ফি দিতে হবে অনলাইনে। ফি দিতে হবে এই অ্যাকাউন্টে: UCO Bank, Vidyasagar University Branch, IFSC: UC8A0001748, Beneficiary Name: Vidyasagar Universify, CCAE Account Number: 17480110077832, SWIFT CODE: UCBAINBB1O2. ফি দিয়ে পাওয়া ই-রিসিপ্ট ডাউনলোড করে রাখবেন কম্পিউটারে। এটি ই-মেলে পাঠাতে হবে।

পূরণ করা আবেদনপত্র ও ফি জমা দিয়ে পাওয়া ই-রিসিপ্ট ২৮ ফেব্রুয়ারির মধ্যে ই- মেল করতে হবে এই ঠিকানায়: ccaeofhce@mail.vidyasagar.ac.in

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট। প্রয়োজনে যোগাযোগ করতে পারেন এই নম্বরে: ৮৩৭৩৮৬১৭০৭।

# রিজার্ভ ব্যাঙ্কে ২৩৯ অ্যাসিস্ট্যান্ট

*প্রথম পাতার পর*

অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী ও ফোর্থ ক্যাটেগরি (আর পি ডব্লু ডি)-র জন্য এবং ১টি প্রাক্তন সমরকর্মী-১ প্রার্থীর জন্য ও ২টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মী-২ প্রার্থীদের জন্য সংরক্ষিত থাকবে। **ভোপাল:** শূন্যপদ ১০টি।**চণ্ডিগড়:** শূন্যপদ ৩১টি। **গুয়াহাটি:** শূন্যপদ ১০টি । **জয়পুর:** শূন্যপদ ২৬টি। **জম্মু:** শূন্যপদ ৫টি। **কানপুর ও লখনউ:** শূন্যপদ ৫৩টি । **নাগপুর:** শূন্যপদ ২২টি । **নয়াদিল্লি:** শূন্যপদ ৩১টি। **পাটনা:** শূন্যপদ ২৫টি।

প্রাক্তন সমরকর্মী-১-এর আওতায় সংরক্ষিত শূন্যপদগুলিতে প্রতিবন্ধী প্রাক্তন সমরকর্মী এবং সংঘর্ষে নিহত সমরকর্মীদের উপর নির্ভরশীল প্রার্থীরা আবেদনের যোগ্য। প্রাক্তন সমরকর্মী-২-এর শূন্যপদগুলিতে বাকি ক্যাটেগরির প্রাক্তন সমরকর্মীরা আবেদন করতে পারেন।

**শিক্ষাগত যোগ্যতা:** যে-কোনও শাখায় গ্র্যাজুয়েট। মোট অন্তত ৫০ শতাংশ নম্বর থাকতে হবে। তবে তফসিলি ও দৈহিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে পাশ নম্বর থাকলেই চলবে। সব ক্ষেত্রেই কম্পিউটারে ওয়ার্ড প্রসেসিংয়ের জ্ঞান থাকতে হবে। প্রাক্তন সমরকর্মীরা মাধ্যমিক বা আর্মড ফোর্সের সমতুল পরীক্ষায় পাশ-সহ প্রতিরক্ষা ক্ষেত্রে ১৫ বছর চাকরি করে থাকলেও আবেদন করতে পারবেন।

**বয়স:** ১-২-২০২২ তারিখে ২০ থেকে ২৮ বছরের মধ্যে হতে হবে। অর্থাৎ জন্মতারিখ হতে হবে ২-২-১৯৯৪ থেকে ১-২-২০০২-এর মধ্যে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ (তফসিলি হলে ১৫, ও বি সি হলে ১৩) বছরের ছাড় পাবেন। বিধবা, বিবাহবিচ্ছিন্ন বা আইনত স্বামীবিচ্ছিন্ন মহিলারা ফের বিয়ে না করে থাকলে বয়সে ১০ বছরের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে দু'পর্যায়ের লিখিত পরীক্ষা ও ল্যাঙ্গুয়েজ প্রফিশিয়েন্সি টেস্টের মাধ্যমে। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্রগুলি হল: প্রিলিমিনারি পরীক্ষার ক্ষেত্রে কলকাতা বা বৃহত্তর কলকাতা, আসানসোল, কল্যাণী ও শিলিগুড়ি। মেন পরীক্ষার ক্ষেত্রে কলকাতা বা বৃহত্তর কলকাতা, আসানসোল ও শিলিগুড়ি। প্রিলিমিনারি পরীক্ষার সম্ভাব্য তারিখ ২৬ ও ২৭ মার্চ এবং মেন পরীক্ষা মে মাসে হওয়ার সম্ভাবনা রয়েছে।

প্রিলিমিনারি পরীক্ষায় থাকবে ইংলিশ ল্যাঙ্গুয়েজ (৩০ নম্বর), নিউমেরিক্যাল এবিলিটি (৩৫ নম্বর) ও রিজনিং এবিলিটি (৩৫ নম্বর)। মোট ১০০ নম্বর। সময় ১ ঘণ্টা। মেন পরীক্ষায় থাকবে রিজনিং, ইংলিশ ল্যাঙ্গুয়েজ, নিউমেরিক্যাল এবিলিটি, জেনারেল অ্যাওয়্যারনেস, কম্পিউটার নলেজ। প্রতিটি বিষয়ে ৪০টি করে অবজেক্টিভ টাইপ প্রশ্ন হবে। মোট ২০০ নম্বর। ২ ঘণ্টার পরীক্ষা। উভয় ক্ষেত্রেই অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। ল্যাঙ্গুয়েজ প্রফিশিয়েন্সি টেস্টে প্রার্থী যে-শহরের শূন্যপদে আবেদন করবেন, সেই অঞ্চলের স্থানীয় বা সরকারি ভাষার পরীক্ষা নেওয়া হবে।

**বেতনক্রম:** ২০,৭০০-৫৫,৭০০ টাকা। সঙ্গে পাওয়া যাবে বিভিন্ন ভাতা।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.rbi.org.in প্রার্থীর চালু ই-মেল আইডি থাকতে হবে। ৮ মার্চ পর্যন্ত অনলাইন দরখাস্ত করা যাবে। মনে রাখবেন, অনলাইন দরখাস্ত করার সময় প্রার্থীর স্ক্যান করা পাসপোর্ট মাপের রঙিন ফটো (২০-৫০ কেবি সাইজের মধ্যে) ও সই (১০-২০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

ফি এবং ব্যাঙ্ক ইন্টিমেশন চার্জ বাবদ দিতে হবে ৪৫০ টাকা (তফসিলি, দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের ক্ষেত্রে শুধু ইন্টিমেশন চার্জ বাবদ ৫০ টাকা)। অনলাইন ব্যবস্থায় ডেবিট কার্ড (রুপে/ভিসা/মাস্টার কার্ড/মায়েস্ট্রো) বা ক্রেডিট কার্ড বা ইন্টারনেট ব্যাঙ্কিং বা ইমিডিয়েট পেমেন্ট সার্ভিস (আই এম পি এস) বা ক্যাশ কার্ড বা মোবাইল ওয়ালেটের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে। ফি জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড ই-রিসিপ্ট এবং অনলাইন অ্যাপ্লিকেশনের প্রিন্ট আউট নিয়ে নেবেন। এগুলি নিজের কাছে রেখে দেবেন। পরে দরকার হবে।

খুঁটিনাটি জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# ফরেস্ট রিসার্চ ইনস্টিটিউটে স্নাতকোত্তর কোর্সে ভর্তি



ফরেস্ট্রি, উড সায়েন্স অ্যান্ড টেকনোলজি, এনভায়রনমেন্ট ম্যানেজমেন্ট ও সেলুলোজ অ্যান্ড পেপার টেকনোলজি বিষয়ের এম এসসি কোর্সে ভর্তি নেবে দেরাদুনের ফরেস্ট রিসার্চ ইনস্টিটিউট। প্রার্থী বাছাই করা হবে জাতীয় স্তরের প্রবেশিকা পরীক্ষার মাধ্যমে। কোর্স শুরু হবে জুলাইয়ে।

কোর্সের বিবরণ: **ফরেস্ট্রি:** আসনসংখ্যা: ৩৮টি। শিক্ষাগত যোগ্যতা: বিজ্ঞান শাখায় স্নাতক। স্নাতক স্তরে অন্যতম বিষয় হিসেবে বটানি বা কেমিস্ট্রি বা জিওলজি বা ম্যাথমেটিক্স বা ফিজিক্স বা জুলজি পড়ে থাকতে হবে। এগ্রিকালচার বা ফরেস্ট্রিতে বি এসসি ডিগ্রিধারীরাও আবেদনের যোগ্য।

**উড সায়েন্স অ্যান্ড টেকনোলজি:** আসনসংখ্যা: ৩৮টি। **শিক্ষাগত যোগ্যতা:** বিজ্ঞান শাখায় স্নাতক। স্নাতক স্তরে অন্যতম বিষয় হিসেবে ফিজিক্স, ম্যাথমেটিক্স ও কেমিস্ট্রি পড়ে থাকতে হবে। ফরেস্ট্রিতে বি এসসি থাকলেও আবেদন করা যাবে।

**এনভায়রনমেন্ট ম্যানেজমেন্ট:** আসনসংখ্যা: ৩৮টি। **শিক্ষাগত যোগ্যতা:** বেসিক সায়েন্স বা অ্যাপ্লায়েড সায়েন্সের যে-কোনও শাখায় বি এসসি। ফরেস্ট্রি বা এগ্রিকালচারে বি এসসি অথবা এনভায়রনমেন্ট সায়েন্সে বি ই বা বি টেক থাকলেও আবেদনের যোগ্য।

**সেলুলোজ অ্যান্ড পেপার টেকনোলজি:** আসনসংখ্যা: ২০টি। **শিক্ষাগত যোগ্যতা:** বিজ্ঞান শাখায় স্নাতক। স্নাতক স্তরে অন্যতম বিষয় হিসেবে কেমিস্ট্রি পড়ে থাকতে হবে। অথবা কেমিক্যাল বা মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে বি ই বা বি টেক।

সবক্ষেত্রেই মোট অন্তত ৫০ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৪৫ শতাংশ) নম্বর পেয়ে থাকতে হবে। সরকারি নিয়মানুসারে তফসিলি, ও বি সি এবং দৈহিক প্রতিবন্ধী প্রার্থীদের জন্য আসন সংরক্ষিত থাকবে।

কোর্স ফি: ৯৬,০০০ টাকা। কিস্তিতে ফি দেওয়ার সুযোগ আছে।

প্রার্থী বাছাই করা হবে ২০০ নম্বরের একটি প্রবেশিকা পরীক্ষার মাধ্যমে। অনলাইন পরীক্ষা ২২ মে।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.fridu.edu.in পূরণ করবেন যথাযথভাবে। আবেদনপত্রে প্রার্থীর ২ কপি পাসপোর্ট মাপের স্বপ্রত্যয়িত ফটো দরখাস্ত ও অ্যাডমিট কার্ডের নির্দিষ্ট স্থানে সেঁটে দেবেন।

ফি বাবদ ১,৫০০ টাকার ব্যাঙ্ক ড্রাফট। ড্রাফটটি 'Registrar, FRI Deemed to be University, Dehradun'-এর অনুকূলে দেরাদুনে প্রদেয় হতে হবে।

ডিমান্ড ড্রাফট এবং প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা আবেদনপত্র স্পিড পোস্ট বা ক্যুরিয়ারের মাধ্যমে ১৯ এপ্রিলের মধ্যে পৌঁছতে হবে এই ঠিকানায়: Registrar, Forest Research Institute Deemed to be University, P.O.I.P.E., Kaulagarh Road, Dehradun-248 195.

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।


कोचीन शिपयार्ड लिमिटेड
भारत सरकार की श्रेणी-1 मिनिरत्न कंपनी
पत्तन, पोत परिवहन और जलमार्ग मंत्रालय
**COCHIN SHIPYARD LIMITED**
A Government of India Category-I Miniratna Company
Ministry of Ports, Shipping and Waterways

No.CSL/P&A/RECTT/CKSRU PERMA/EXECUTIVES/2022/1 Date: 19 February 2022

**VACANCY IN KOLKATA PORT TRUST PREMISES**

**CSL KOLKATA SHIP REPAIR UNIT (CKSRU), NEEDS**

| Name of Post | Number of Vacancies | Qualification & Experience |
| --- | --- | --- |
| DEPUTY MANAGER (HR & IR) | 1 Post (UR) | **Educational Qualification:** Two year Master's Degree or equivalent Degree or equivalent Diploma or Post Graduate Degree in any of the following areas, with minimum of 60% marks from a recognized University :- • Master's Degree in Business Administration with specialization in HR or equivalent Degree with specialization in HR or equivalent Diploma with specialization in HR **OR** • Post Graduate Degree in Social Work with specialization in Personnel Management or Labour Welfare & Industrial Relations **OR** • Post Graduate Degree in Personnel Management. **Experience:** Minimum of 7 years post qualification managerial experience in Human Resource in a • Public Sector Undertaking or • Engineering Company or • Government / Semi-Government Company / Establishment |

For more details including mode of receipt of application, please visit CSL website www.cochinshipyard.in (Career page→ CKSRU, Kolkata). "Hindi version of detailed advertisement is published in the CSL Website."

Last date of receipt of application : 16 March 2022.

Sd/-
GENERAL MANAGER (HR)

# ভারতীয় নৌবাহিনীতে ১৫৩১ ট্রেডসম্যান

*প্রথম পাতার পর*

শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। পাইপ ফিটার: ৭৭টি (সাধারণ ৩৩, তফসিলি জাতি ১২, তফসিলি উপজাতি ৮, ও বি সি ১৭, আর্থিক ভাবে অনগ্রসর ৭)। এর মধ্যে ৪টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী এবং ৮টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। রেফ্রিজারেশন অ্যান্ড এয়ারকন্ডিশন ফিটার: ৪৬টি (সাধারণ ২০, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ২, ও বি সি ১৩, আর্থিক ভাবে অনগ্রসর ৫)। এর মধ্যে ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী ও ৫টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। টেলর: ১৭টি (সাধারণ ১১, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ১টি করে শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। ওয়েল্ডার: ৮৯টি (সাধারণ ৩৩, তফসিলি জাতি ১৩, তফসিলি উপজাতি ৬, ও বি সি ২৯, আর্থিক ভাবে অনগ্রসর ৮)। এর মধ্যে ৩টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী এবং ৮টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। র‍্যাডার ফিটার: ৩৭টি (সাধারণ ১৯, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ১, ও বি সি ১০, আর্থিক ভাবে অনগ্রসর ৩)। এর মধ্যে ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী এবং ৩টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। রেডিও ফিটার: ২১টি (সাধারণ ৯, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ৬, আর্থিক ভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী এবং ২টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। রিগার: ৫৫টি (সাধারণ ২৬, তফসিলি জাতি ৭, তফসিলি উপজাতি ৪, ও বি সি ১২, আর্থিক ভাবে অনগ্রসর ৬)। এর মধ্যে ৩টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী এবং ৭টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। শিপরাইট: ১০২টি (সাধারণ ৪৬, তফসিলি জাতি ১৭, তফসিলি উপজাতি ৪, ও বি সি ২৫, আর্থিক ভাবে অনগ্রসর ১০)। এর মধ্যে ৬টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী এবং ১১টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে।

ব্ল্যাকস্মিথ: ৭টি (সাধারণ ৪, তফসিলি জাতি ১, ও বি সি ২)। বয়লার মেকার: ২১টি (সাধারণ ১০, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ও বি সি ৫, আর্থিক ভাবে অনগ্রসর ২)। এর মধ্যে ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী এবং ২টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। সিভিল ওয়ার্কস: ৩৮টি (সাধারণ ১৭, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ২, ও বি সি ১১, আর্থিক ভাবে অনগ্রসর ৩)। এর মধ্যে ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী এবং ৪টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। কম্পিউটার ফিটার: ১২টি (সাধারণ ৬, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ১টি করে শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। ইলেকট্রনিক ফিটার: ৪৭টি (সাধারণ ২২, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১২, আর্থিক ভাবে অনগ্রসর ৪)। এর মধ্যে ২টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী এবং ৪টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। জাইরো ফিটার: ৭টি (সাধারণ ৫, ও বি সি ২)। এর মধ্যে ১টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। মেশিনারি কন্ট্রোল ফিটার: ৮টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, ও বি সি ২)। এর মধ্যে ১টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। সোনার ফিটার: ১৯টি (সাধারণ ১২, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪, আর্থিক ভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী এবং ২টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। ওয়েপন ফিটার: ৪৭টি (সাধারণ ২০, তফসিলি জাতি ৮, তফসিলি উপজাতি ২, ও বি সি ১৩, আর্থিক ভাবে অনগ্রসর ৪)। এর মধ্যে ২টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী এবং ৫টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। হট ইনসুলেটর: ৩টি (সাধারণ)। শিপ ফিটার: ১৭টি (সাধারণ ৮, তফসিলি জাতি ২, ও বি সি ৫, আর্থিক ভাবে অনগ্রসর ২)। এর মধ্যে ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী এবং ২টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। জি টি ফিটার: ৩৬টি (সাধারণ ১৮, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ২, ও বি সি ৮, আর্থিক ভাবে অনগ্রসর ৩)। এর মধ্যে ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী এবং ৪টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। আই সি ই ফিটার ক্রেন: ৮৯টি (সাধারণ ৩৮, তফসিলি জাতি ১৩, তফসিলি উপজাতি ৫, ও বি সি ২৬, আর্থিক ভাবে অনগ্রসর ৭)। এর মধ্যে ২টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী এবং ৭টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে।

শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক, সঙ্গে সংশ্লিষ্ট বা সমতুল ট্রেডে নৌবাহিনীর অন্তর্ভুক্ত ডকইয়ার্ড অ্যাপ্রেন্টিস স্কুল থেকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং নিয়ে থাকতে হবে অথবা আর্মি বা নেভি বা এয়ারফোর্সে মেকানিক হিসেবে ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে।

বয়স: ২০-৩-২০২২ তারিখে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের বয়সের ছাড় পাবেন। এছাড়াও যত বছরের ট্রেনিং নেওয়া হয়েছে তত বছরের বয়সের ছাড় পাবেন।

বেতনক্রম: ১৯,৯০০-৬৩,২০০ টাকা।

মেধার ভিত্তিতে বাছাই করা প্রার্থীদের নির্বাচিত করা হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। লিখিত পরীক্ষায় প্রশ্ন হবে এই সব বিষয়ে: জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং, নিউমেরিক্যাল অ্যাপ্টিটিউড, জেনারেল ইংলিশ, জেনারেল অ্যাওয়্যারনেস এবং সংশ্লিষ্ট বিষয়। মোট নম্বর ১০০।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.joinindiannavy.gov.in দরখাস্তের শেষ তারিখ ২০ মার্চ। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। দরখাস্তের সময় আপলোড করতে হবে এই সব নথি: প্রযোজ্য ক্ষেত্রে জেপেগ বা জে পি জি বা পি ডি এফ ফর্ম্যাটে প্রার্থীর রঙিন পাসপোর্ট মাপের ফটো এবং কালো কালিতে করা সই (তিন মাসের বেশি পুরনো ফটো চলবে না, উভয়ই ৫০ থেকে ১০০ কেবি সাইজের মধ্যে), জন্মের শংসাপত্র, শিক্ষাগত যোগ্যতার নথিপত্র, প্রযোজ্য ক্ষেত্রে কাস্ট এবং ও বি সি সার্টিফিকেট, আর্থিক ভাবে অনগ্রসর, দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের ক্ষেত্রে যথাযথ সার্টিফিকেট (প্রতিটি ৪০০ কেবি সাইজের মধ্যে)।

দরখাস্ত যথাযথ ভাবে পূরণ করে সাবমিট করুন। পূরণ করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।


GEORGE GROUP OF COLLEGES
Unit of The George Telegraph Group

WE ARE HIRING!
Sr. Manager / Manager
Executive (Marketing)
& Academic Counselor

Location: Kolkata, Midnapore, Burdwan
Contact us: 9830140460 / 9836611649
Send your resume on: careers@georgecollege.org

P. G. Institute of Medical Sciences
Approved by AICTE & PCI (Govt. of India) Recognised by Govt. of W.B.
Affiliated to MAKAUT(WB), WBUHS, WBSCT & VE & SD

Post: Associate Professor, Professor, Assistant Professor, Lecturer, Laboratory Assistant,

for
- Agricultural Sciences
- Fishery Sciences
- MBA (Retail, HR, Finance, Marketing, Safety Management, Insurance & Risk Management)
- MHA
- BMLT
- MMLT (Applied Microbiology, Clinical Bio Chemistry, Advance Pathology & Histo Pathology, Hematology, Blood Transfusion)

*Selection, Pay Scale and Name of post as per norms of Vidyasagar University.
No of Post / Vacancy are subject to change.

Applications are invited from interested candidates with detailed CV along with scanned copy of all testimonials & a recent colour passport Photo within 15 days.

Mail us at : hr.pgims@gmail.com
HR Manager

For more info, visit us : www.pgims.org.in
A Unit of Gopsai Avinandan Sangha

Campus : Dhurabila, Dhamkuria, Chandrakona Town, Paschim Medinipur, Pin-721201

#EDUCATIONBEYONDORDINARY

37 INSTITUTIONS | 170 PROGRAMMES | 39000+ STUDENTS

STEP OUT INTO THE WORLD WITH WORLD-CLASS EDUCATION

Accreditations, Affiliations & Approvals
UGC | AICTE | NAAC | MAKAUT (Formerly, WBUT)

JIS GROUP
Educational Initiatives

ADMISSIONS OPEN 2022

SCHOLARSHIPS Available*

MBA

92% Placement in 2021
162+ Recruiters

JIS UNIVERSITY (JISU)
MBA
Specialisation/ Dual Specialisation in
• Marketing • HR • Finance • Business Analytics
• Retail • Supply Chain Management • Media
• Travel & Tourism • IT • Pharmacy
• Operation Research
M: 86977 43361/ 62
www.jisuniversity.ac.in

JIS COLLEGE OF ENGINEERING (JISCE)
MBA
Specialisation in
• Marketing • HR • Finance • Systems
• Operations & Supply Chain Management
M: 8697743363 | 9330906162
www.jiscollege.ac.in

SALIENT FEATURES
- Excellence in Online Education
- Placement Training from Day 1
- Frequent Industrial Visits
- Internship in Final Year (National & International)
- Communication & Soft Skill Training
- Industry Expert Faculty Members

and many more...

West Bengal Student Credit Card Scheme Available

MAJOR RECRUITERS
BYJU'S | IndusInd Bank | Justdial | genpact | Dabur | Apollo Munich | paytm | ARC | jaro education | Vedantu | ARTECH
and many more...

APPLY NOW
www.jisgroup.org

9073370470
9330906153
FOR ELIGIBILITY CRITERIA, PLEASE VISIT THE INSTITUTE WEBSITE

7 Sarat Bose Road, Kolkata - 700 020

Bye Bye BANGALORE নার্সিং
Welcome to West Bengal নার্সিং
মনে রাখবেন, নার্সিং কোর্স মানেই ভবিষ্যৎ নিশ্চিত

HALDAR
Group of Institutions
An ISO 9001:2008 Certified
www.haldargroup.org

INC & WBNC Approved পশ্চিমবঙ্গ থেকে সরাসরি ভর্তি

GNM
General Nursing & Midwifery
HS (Arts / Commerce / Science) with 40% Marks

B.Sc.
NURSING
HS Science (PCB with 50% Marks)

For Admission 7003323135

এবার আপনিও ব্যবসায়ী হতে পারেন...
কম খরচে ফার্মেসি কোর্স করে ওষুধের দোকান খুলুন, আমরাই করব সহযোগিতা...

D.Pharma
1 year save 2021-2023 session

B.Pharma
Approved by PCI & MHRD



For Admission : 9051551867 / 9748023586

পশ্চিমবঙ্গের সমস্ত জেলাতে Franchisee দেওয়া হচ্ছে। প্রতিষ্ঠিত জ্ঞানীগুনী উৎসাহী ব্যক্তিগণ, বিভিন্ন ছোটো বড় কোচিং সেন্টার, ক্ষুদ্র ও প্রতিষ্ঠিত সৎ ব্যবসায়ী সহ শিক্ষিত ব্যক্তিগণ নিজ এলাকায় নতুন নতুন সেন্টার খুলে স্বনির্ভর হতে সরাসরি যোগাযোগ করুন - "No Franchisee Fees". 7003323135

Mr. Samar Haldar
Chairman & Director


স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর পক্ষে অমরেন্দ্র চক্রবর্তী কর্তৃক ২৯/১এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯ থেকে প্রকাশিত ও এবিপি প্রাঃ লিঃ, মৌজা: বড়বেড়িয়া, পোঃ জগন্নাথপুর, থানা: বারাসাত, জেলা: ২৪ পরগনা (উঃ) থেকে মুদ্রিত। প্রধান সম্পাদক: অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদক: মহাশ্বেতা সমাজদার ফোন: ২২৮৩-২৩২০, ২২৯০-০০০৮ ফ্যাক্স: ২২৮৭-৬৪৪৮
E-mail: swarnakshar.prakasani@gmail.com Website: www.swarnakshar.in